গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস,এম, মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭

**স্মারক নম্বর:** ৪৩.২৫.০০০০.০০৪.১৮.০০১.১৮.১৩৬৬

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**বিষয়: আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে সিঙ্গেল ইউজ প্লাস্টিক (SUP) সামগ্রীর পরিবর্তে বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার।**
সূত্র: ৪৩.০০.০০০০.১১২.৯৯.০০৪৩.২৪-৯৪৫, তারিখ: ২৫ সেপ্টেম্বর ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে, সিঙ্গোল ইউজ প্লাস্টিক (SUP) সামগ্রী হতে সৃষ্ট দূষণ পরিবেশ ও জনস্বাস্থ্যের জন্য মারাত্মক হুমকি হিসেবে বিরাজ করছে। পরিবেশষ দূষণ নিয়ন্ত্রণকল্পে সিঙ্গোল ইউজ প্লাস্টিক এর ব্যবহার বন্ধ করার লক্ষ্যে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা কর্তৃক আধা-সরকারি পত্র এবং মন্ত্রিপরিষদ বিভাগের ০৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ৪৭৫ সংখ্যক স্মারকের মাধ্যমে সিঙ্গোল ইউজ প্লাস্টিক সামগ্রীর পরিবর্তে বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার করার নির্দেশনা রয়েছে।

২। এ প্রেক্ষিতে, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীদের সিঙ্গোল ইউজ প্লাস্টিক (SUP) সামগ্রীর পরিবর্তে নিম্নোক্ত বিকল্প পণ্য সামগ্রী ব্যবহার করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

ক) প্লাস্টিকের ফাইল, ফোল্ডারের পরিবর্তে কাগজ বা পরিবেশবান্ধব অন্যান্য সামগ্রীর তৈরি ফাইল ও ফোল্ডার ব্যবহার করা;
খ) প্লাস্টিকের ব্যাগের পরিবর্তে কটন/জুট ফেব্রিকের ব্যাগ ব্যবহার করা;
গ) প্লাস্টিকের পানির বোতলের পরিবর্তে কাঁচের বোতল ও কাঁচের গ্লাস ব্যবহার করা;
ঘ) প্লাস্টিকের ব্যানারের পরিবর্তে কটন ফেব্রিক, জুট ফেব্রিক বা বায়োডিগ্রেডেবল উপাদানে তৈরি ব্যানার ব্যবহার করা;
ঙ) দাওয়াত পত্র , ভিজিটিং কার্ড ও বিভিন্ন ধরনের প্রচার পত্রে প্লাস্টিকের লেমিনেটেড পরিহার করা;
চ) বিভিন্ন সভা/সেমিনারে সরবরাহকৃত খাবারের প্যাকেট যেন কাগজের হয়/পরিবেশ বান্ধব হয় সেটি নিশ্চিত করা;
ছ) একবার ব্যবহার্য প্লাস্টিকের প্লেট, গ্লাস, কাপ, স্ট্র, কাটলারিসহ সকল ধরনের পণ্য পরিহার করা;
জ) প্লাস্টিকের কলমের পরিবর্তে পেনসিল/কাগজের কলম ব্যবহার করা;
ঝ) বার্ষিক প্রতিবেদনসহ সকল ধরনের প্রকাশনায় লেমিনেটেড মোড়ক ও প্লাস্টিকের ব্যবহার পরিহার করা এবং
ঞ) ফুলের তোড়াতে প্লাস্টিকের ব্যবহার বন্ধ করা।

০৯-১০-২০২৪
ড. সালমা মমতাজ
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
২২২২১৮৩৪৬
dg@nanl.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। প্রোগ্রামার, আইটি শাখা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাবা;
২। চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা;
৩। উপপরিচালক (আরকাইভস), আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা এবং
৪। সকল কর্মকর্তা, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

**স্মারক নম্বর:** ৪৩.২৫.০০০০.০০৪.১৮.০০১.১৮.১৩৬৬/১ (৩)

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
০৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব (রুটিন দায়িত্ব ), সচিবের দপ্তর, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা এবং
৩। পরিচালকের ব্যক্তিগত সহকারী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

০৯-১০-২০২৪
মোঃ আবু দাউদ
উপপরিচালক (প্রশাসন)